

এসব সার্ভিসের (সেবার) যে কোনোটি সম্পর্কে আরো জানার দরকার হলে অনুগ্রহপূর্বক আমাদের যে কোনো লোক্যাল অফিসের সাথে যোগাযোগ করবেন।

আমাদের কেউ না কেউ আপনাকে এসব সার্ভিস সম্পর্কে মৌখিক বিস্তারিত প্রদান করবেন। সার্ভিসগুলোর এবং আমরা যা যা করি তার বিস্তারিত তুলে আমরা অনেক প্রচারপত্রও (লিফলেটও) প্রকাশ করেছি। আমাদের সাথে যোগাযোগ করলে এগুলো আপনাকে দেওয়া হবে।

আপনি যদি আরো লিখিত তথ্য চান, তাহলে আমরা আমাদের প্রকাশিত যে কোনো প্রচারপত্র আপনার ভাষায় অনুবাদ করে দিতে পারবো। অন্য কোনো পাঠ্য নমুনায়, যেমন ব্রেইলে (অঙ্কলিপিতে), মোটা হরফে অথবা বাজিয়ে শোনার ক্যাসেটে চাইলে সাধারণত দুই কার্যদিবসের মধ্যেই আপনাকে তা দিতে পারবো।

কোনো প্রচারপত্রের অনুবাদ চাইলে অনুগ্রহপূর্বক আমাদেরকে তা বলবেন।

আমাদের সাথে যোগাযোগের ঠিকানা

**Nook Street, Workington,
Cumbria CA14 4EH**

টেলি: **01900 842100**

**47 Nelson Street, Carlisle,
Cumbria CA2 5NE**

টেলি: **01228 633600**

**The Oval Centre, Salterbeck
Drive, Salterbeck, Workington,
Cumbria**

টেলি: **01946 833100**

আমাদের হেড অফিসের ঠিকানা: Nook Street,
Workington, Cumbria CA14 4EH.
টেলি: 01900 842100 ফ্যাক্স: 01900 842101
ইমেইল: enquiry@impacthousing.org.uk
ওয়েবসাইট: www.impacthousing.org.uk

ইম্প্যাক্ট (Impact) একটি চ্যারিটি হিসাবে কাজ করে

যারা টাইপ টক ব্যবহার করেন তারা ডায়ালকৃত ফোন নাম্বারের
আগে **18001** যোগ করবেন

এই প্রচারপত্রের সর্বশেষ সংস্করণের তারিখ ৫/৭/০৬

আমরা কে এবং আমরা কি কি
সার্ভিস (সেবা) প্রদান করি?



আমরা তথ্যাদি মোটা হরফে, ব্রেইলে (অঙ্কলিপিতে) অন্যান্য
ভাষায় অথবা বাজিয়ে শোনার ক্যাসেটে কিংবা সিডিতে দিতে
পারবো। আপনি চাইলেই তা পাবেন

আমরা কে এবং আমরা কি কি সার্ভিস (সেবা) প্রদান করি?

আমরা কে?

ইম্প্যাক্ট হাউজিং (Impact Housing) একটি রেজিস্টার্ড সোশ্যাল ল্যান্ডলর্ড। আমরা প্রধানত কাম্বিয়ায় কাজ করি এবং অনেক ধরনের ঘরবাড়ি, সহায়তা এবং ঘরবাড়ির সাথে সম্পর্কযুক্ত সার্ভিস (সেবা) প্রদান করি। এই প্রচারপত্রে আমাদের প্রধান সার্ভিসগুলোর সারাংশ তুলে ধরা হয়েছে। আমাদের কোনো সার্ভিস সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে, অনুগ্রহ করে আমাদের যে কোনো লোক্যাল অফিসের সাথে যোগাযোগ করবেন। যোগাযোগের বিবরণ এই প্রচারপত্রের পিছনের পৃষ্ঠায় পাবেন।

ঘরবাড়ি (হাউজিং)

আমরা সমগ্র কাম্বিয়ায় প্রধানত অনেক ধরনের ঘরবাড়ি ভাড়া প্রদান করি, যেগুলোর ভাড়া ও অন্যান্য খরচ সাধারণ ভিতরে থাকে। আমরা তাদেরকেই প্রাধান্য দেই যাদের ঘরবাড়ির চাহিদা সবচেয়ে বেশি।

সাপোর্টেড হাউজিং (সাহায্য সম্বলিত ঘরবাড়ি)

আমরা প্রত্যেকের নিজ নিজ চাওয়া পাওয়া অনুযায়ী সাহায্য সহায়তা যুক্ত অনেক ধরনের ঘরবাড়ি প্রদান করি। এর মধ্যে

এক ধরনের ঘরবাড়ি হলো হোস্টেল যেখানে অধিকাংশ সময়ই কর্মচারীদের সাহায্য পাওয়া যায়। তাছাড়া আমাদের কিছু স্বয়ংসম্পূর্ণ (সেল্ফ কনটেইন্ড) ঘরবাড়িও আছে। এগুলোতে হয় ইম্প্যাক্ট হাউজিং এর কর্মচারী কিংবা বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের কর্মচারীরা বাসিন্দাদেরকে প্রয়োজনীয় সাহায্য সহায়তা প্রদান করেন। আমাদের আরো একটি অন্যতম সাহায্য ব্যবস্থার নাম হলো ফ্লোটিং সাপোর্ট (Floating Support)। ফ্লোটিং সাপোর্ট লোকদের নিজেদের বাসস্থানে প্রদান করা হয় এবং টেন্যান্সি (বাড়ি ভাড়া) শুরু করা অথবা তা বজায় রাখায় সাহায্য করার জন্য এই সার্ভিস প্রদান করা হয়। আমাদের প্রদানকৃত বিশেষজ্ঞমূলক সার্ভিসের মধ্যে রয়েছে পারিবারিক নির্যাতনের (ডমেস্টিক ভায়োলেন্সের) শিকার লোকদের জন্য সার্ভিস।

কমিউনিটি ভিত্তিক ব্যবসা

ইম্প্যাক্টের অনেক ধরনের কমিউনিটি ভিত্তিক ব্যবসা রয়েছে। এগুলোর মাধ্যমে আমরা যেসব কমিউনিটিতে কাজ করি সেগুলোতে অনেক ধরনের সার্ভিস প্রদান করি।

আমাদের কমিউনিটি ব্যবসাগুলোর মধ্যে রয়েছে:

- ট্রেইনিং – সারা কাউন্টিব্যাপী ইম্প্যাক্টের ট্রেইনিং কর্মসূচী রয়েছে। এসব কর্মসূচীর মাধ্যমে ই.টু.ই. (E2E) এবং স্কিলস ফর লাইফ (Skills for Life) সহ অনেক ধরনের ট্রেইনিং এবং শিরাকৌর্স পরিচালনা করা হয়।
- আসবাবপত্র এবং বৈদ্যুতিক সামগ্রী – আমরা উন্নত মানের পুরান আসবাবপত্র এবং বিদ্যুৎ চালিত বড় বড় সামগ্রী (যেমন ফ্রিজ, কুকার ইত্যাদি) কম দামে বিক্রি করি। কার্লাইল, পেনরিথ এবং আলভাস্টনে আমাদের আসবাবপত্রের বড় দোকান রয়েছে। আমাদের পরিচালিত ব্যাপক রিসাইক্লিং এর অংশ হিসাবে আমরা পুরান আসবাবপত্র এবং বিদ্যুৎ চালিত সামগ্রী বিক্রি করি।
- কার্লাইল এবং পেনরিথের ইডেন রুৱাল ফোয়ারে আমাদের রয়েছে অফিসের জায়গা, রুম এবং ক্যাফে যেগুলো কম দামে ভাড়া প্রদান করা হয়। এগুলোতে রয়েছে ডিজেবোল্ড লোকদের জন্য প্রয়োজনীয় সুবিধা। হুইলচেয়ার ব্যবহারকারী এবং স্বাস্থ্যগত কারণে বিশেষ ধরনের খাবার গ্রহণকারীদের জন্যও এগুলোতে প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে। কমিউনিটির লোকদের সংগঠন বা প্রতিষ্ঠান আমাদের অফিসের জায়গা, রুম এবং ক্যাফে ব্যবহার করতে চাইলে আমরা তাদেরকেও স্বাগত জানিয়ে থাকি।